দৈনিক
ইত্তেফাক

তারিখ ...20 JUL 2016...
পৃষ্ঠা ...২০... কলাম ...২...

# জঙ্গি সম্পৃক্ততায় কুষ্টিয়ায় শিক্ষকসহ গ্রেফতার ৯

## জিহাদী বই ও শিবিরের নথিপত্র জব্দ

■ কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় সরকারি মেডিক্যাল অ্যাসিসটেন্ট টেনিং স্কুলের (ম্যাটস) হোস্টেলে অভিযান চালিয়ে জঙ্গি সম্পৃক্ততা ও নাশকতায় জড়িত থাকার অভিযোগে এক শিক্ষক ও আট শিক্ষার্থীকে গ্রেফতার করেছে পুলিশ। শিক্ষার্থীরা সবাই শিবির নেতাকর্মী। গতকাল মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত এই অভিযান পরিচালনা করা হয়। তারা ওই হোস্টেলে অবস্থান করে নাশকতার পরিকল্পনা ও প্রস্তুতি নিচ্ছিল বলে পুলিশ জানায়। এ সময় পুলিশ জিহাদী বই ও ইসলামী ছাত্র শিবিরের মাসিক রিপোর্ট, চাঁদা আদায়ের রশিদসহ সাংগঠনিক কার্যক্রমের কাগজপত্রও জব্দ করেছে।

গ্রেফতারকৃতরা হলেন: ট্রেনিং স্কুলের ফার্মেসি বিভাগের শিক্ষক মোহাম্মদ আলম পৃষ্ঠা ২ কলাম ২

## জঙ্গি সম্পৃক্ততায়

২০ পৃষ্ঠার পর

(৪৫), ইসলামী ছাত্র শিবিরের 'সাথী' আব্দুল হান্নান (২১) ও আব্দুল মান্নান (২১),শিবির কর্মী ইব্রাহিম আলী (১৯), মোহাম্মদ ইউসুফ (২০), সাইফুল ইসলাম (২১), আহসান হাবিব (২২), কাজী ফয়েজ আহম্মেদ সৌরভ (২২) ও আব্দুল করিম (২১)।

শিক্ষক মোহাম্মদ আলমের বিরুদ্ধে জঙ্গি মদদ ও অর্থ যোগান দেওয়ার অভিযোগ রয়েছে বলে পুলিশ জানায়। প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানান, কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যদিয়ে হোস্টেল ঘেরাও করে অভিযান চালানো হয়। এ সময় হোস্টেল থেকে কাউকে বের হতে ও প্রবেশ করতে দেয়নি পুলিশ। অভিযান চলাকালে অন্যান্য সাধারণ শিক্ষার্থীদের মধ্যে ভীতি ও আতঙ্ক ছড়িয়ে পড়ে।

পুলিশ সুপার প্রলয় চিসিম জানান, জঙ্গি দমনে পুলিশী নজরদারি জোরদার করা হয়েছে। এর প্রেক্ষিতে অভিযান চালানো হচ্ছে। গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদ অব্যাহত রাখা হয়েছে। পরবর্তীতে তাদের রিমান্ডে এনে আরো ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হবে বলেও তিনি জানান। কুষ্টিয়া মডেল থানার ওসি শাহাবুদ্দিন চৌধুরী জানান, এ ব্যাপারে কুষ্টিয়া মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে।